

“থাকব ভালো, রাখব ভালো দেশ
বৈধ পথে প্রবাসী আয়-গড়ব বাংলাদেশ”



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
৮৯/২, কাকরাইল, ঢাকা।
প্রশাসন শাখা
www.bmet.gov.bd

স্মারক নম্বর- ৪৯.০১.০০০০.০০২.২৪.০১৪.১৬. ২০২৪

তারিখ : ০৩/০৯/২০২৩ খ্রিঃ।


বিষয় : বিদেশ গমনেছু কর্মীদের রেজিস্ট্রেশন ও ফিচারপ্রিন্ট সহজীকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কর্মীদের বৈদেশিক কর্মসংস্থান ও রেমিটেন্স প্রেরণ দেশের অর্থনৈতিক উন্নয়নে গুরুত্বপূর্ণ অবদান রাখছে। জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর ঐকান্তিক প্রচেষ্টায় বৈদেশিক শ্রমবাজারে প্রতিনিয়ত সম্প্রসারিত হচ্ছে। এর ধারাবাহিকতায় বিএমইটি হতে প্রতিদিন বিপুল সংখ্যক বিদেশগামী কর্মী বহির্গমন ছাড়পত্র গ্রহণ করে বিদেশ গমন করছে। বহির্গমন ছাড়পত্র গ্রহণের পূর্বে সংশ্লিষ্ট ডিইএমও, টিটিসি, আইএমটি এবং অ্যাপসের মাধ্যমে কর্মীদের রেজিস্ট্রেশন সম্পন্ন করা বাধ্যতামূলক।

০২। সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে, রেজিস্ট্রেশন ও ফিচারপ্রিন্ট করার জন্য আগত কর্মীদের বিভিন্ন ধরনের ডকুমেন্ট বিশেষত ভিসা দাখিল করার জন্য বলা হচ্ছে। এতে বিদেশগামী কর্মী ও রিক্রুটিং এজেন্সি ভোগান্তিতে পড়ে, যার ফলে দালালের দৌরাভ্র বৃদ্ধিসহ বিশৃঙ্খলা সৃষ্টি হচ্ছে। ফিচারপ্রিন্ট রেজিস্ট্রেশনের অংশ হওয়ায় রেজিস্ট্রেশন এবং ফিচারপ্রিন্ট একই সাথে সম্পন্ন করা সমীচীন হবে। অ্যাপস এর মাধ্যমে রেজিস্ট্রেশন সম্পন্নকারী কর্মীগণের ফিচারপ্রিন্ট গ্রহণের ক্ষেত্রে যথাযথ প্রমাণকের ভিত্তিতে ডাটা এন্ট্রি অপারেটরগণ রেজিস্ট্রেশনের সমপরিমাণ সম্মানী প্রাপ্য হবেন।

০৩। উল্লেখ্য যে, ‘রেজিস্ট্রেশন ও ফিচারপ্রিন্ট কর্মীর বিদেশ গমনের নিশ্চয়তা বহন করে না’- এ বিষয়টি কর্মীদেরকে যথাযথভাবে অবহিত করতে হবে।

০৪। এমতাবস্থায়, বিদেশ গমনেছু কর্মীদের রেজিস্ট্রেশন ও ফিচারপ্রিন্ট কার্যক্রম সহজীকরণার্থে কর্মীর মূল পাসপোর্ট/ফটোকপি দাখিল সাপেক্ষে রেজিস্ট্রেশন ও ফিচারপ্রিন্ট একইসাথে সম্পন্ন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(কাইজার মোহাম্মদ ফারাবী)
উপসচিব
পরিচালক (প্রশাসন ও অর্থ)
ফোন- ০২-৮৩০০২৬৪ (অফিস)।


- ১। অধ্যক্ষ, আইএমটি/টিটিসি (সকল)।
- ২। সহকারি পরিচালক, জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস (সকল)।
- ৩। ব্যবস্থাপনা পরিচালক, আমি প্রবাসী লিমিটেড।

স্মারক নম্বর- ৪৯.০১.০০০০.০০২.২৪.০১৪.১৬.

তারিখ : ০৯/২০২৩ খ্রিঃ।

সদয় জ্ঞাতার্থে অনুলিপি :

১. পরিচালক (প্রশাসন ও অর্থ/ কর্মসংস্থান/বহির্গমন/প্রশিক্ষণ পরিচালনা/প্রশিক্ষণ মান ও পরিকল্পনা), বিএমইটি, ঢাকা।
২. মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, বিএমইটি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩. অতিরিক্ত মহাপরিচালক (প্রশিক্ষণ/কর্মসংস্থান) এর ব্যক্তিগত সহকারী, বিএমইটি, ঢাকা (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪. মাস্টার নথি/২০২৩।


(মোঃ রেজওয়ানুল হক চৌধুরী)
উপপরিচালক (প্রশাসন ও অর্থ)
ফোন- ০২-৪৮৩১০৯৫০ (অফিস)।
rezwanchowdhury2021@gmail.com